# মুসাফির বাংলা ইস্কুল

**HSC , UniAd , JOB , BCS**

# ➡ সন্ধি

## - পুরুষ ও স্ত্রীবাচক শব্দ


**মুসাফির রাহাদ**

বিএ(অনার্স),এমএ( বাংলা)
ঢাকা বিশ্ববিদ্যালয়

লেকচারার (বাংলা )
শহীদ আনোয়ার কলেজ,ঢাকা ক্যান্টনমেন্ট
মুন্সি আব্দুর অউফ কলেজ,পিলখানা বিজিবি ex
বিএএফ শাহীন কলেজ ঢাকা ex
Amicus Law Academy,Oracle BCS, S@ifurs BCS
Guardian BCS , IconPlus University Admission
Ex –UCC,Uniaid Admission Coaching

01687 600 698
YouTube - Musafir Rahad
Facebook – Musafir Rahad Sir


MUSAFIR RAHAD

## পুরুষ ও স্ত্রী বাচক শব্দ

মামা- মামী (ঈ)
জেলে- জেলেনী (নী )
নায়ক- নায়িকা (ইকা )

সাধারণত পুরুষবাচক শব্দ থেকে স্ত্রী বাচক করা হয় প্রত্যয়ের মাধ্যমে।

যদি প্রত্যয় সাধিত না হয় ,তাহলে বিশেষ নিয়মে সাধিত হয় ।
বাবা – মা ,ভাই –বোন ,সম্রাট – সম্রাজ্ঞী ।

MUSAFIR RAHAD SIR

## পুরুষ ও স্ত্রী বাচক শব্দ

### দুই প্রকার

১। সাধারণ অর্থ (ছেলে –মেয়ে,ছাত্র- ছাত্রী)
২। পতি পত্নি অর্থ (বাবা- মা , ভাই- ভাবী)

MUSAFIR RAHAD SIR

## পুরুষ ও স্ত্রী বাচক শব্দ

- নী প্রত্যয় (অবজ্ঞা)

ডাক্তারনী,
মাস্টারনী
জমিদারনী

- ইকা প্রত্যয় (ক্ষুদ্র অর্থে)

নাটিকা
পুস্তিকা
মালিকা
গীতিকা

MUSAFIR RAHAD SIR

## পুরুষ ও স্ত্রী বাচক শব্দ

✓ আনী প্রত্যয় (বৃহৎ)

বনানী
অরণ্যানী
হিম – হিমানী (জমাটবদ্ধ)

### গুরুত্বপূর্ণ

- একটি পুরুষবাচকের দুটি স্ত্রী বাচক ।
- নিত্য পুরুষ ও নিত্য স্ত্রী বাচক ।

MUSAFIR RAHAD SIR

## সন্ধি

বিদ্যালয়
বিদ্যা + আলয়

- পাশাপাশি দুটি ধ্বনির মিলনকে সন্ধি বলে।

সন্ধি
- বাংলা: স্বর, ব্যঞ্জন
- তৎসম: স্বর, ব্যঞ্জন, বিসর্গ

- সন্ধি মূলত দুই প্রকার ।
- সন্ধি মোট তিন প্রকার।

MUSAFIR RAHAD SIR

## বাংলা সন্ধি

✓ শতেক , রূপালি , নিন্দুক , কুড়িক

✓ ছোড়দা ,চাট্টি , নাজ্জামাই , সাশশ, নাতবৌ, কাঁচকলা ।

MUSAFIR RAHAD SIR

## বিসর্গ সন্ধি

✓কোন শব্দের মাঝখানে

**ও-কার, র,রেফ,শ,ষ,স**

থাকলে ,এগুলোর পরিবর্তে ঃ বসে।

- সদ্যোজাত = সদ্য + জাত
- নিশ্চয় = নিঃ + চয়
- নিষ্কাম = নিঃ + কাম
- নমস্কার
- দুর্বার
- নিরাকার

MUSAFIR RAHAD SIR

## ব্যঞ্জন সন্ধি

- **বর্গের ৩য় বর্ণ = ১ম বর্ণ**
- দিগন্ত = দিক্ + অন্ত
- সুবন্ত = সুপ্ + অন্ত
- বাগদান = বাক্ +দান
- উদ্যম = উৎ + যম
- উদ্ভব

MUSAFIR RAHAD SIR

## ব্যতিক্রম

- **নীরব = নিঃ + রব**
- **নীরস**
- **নীরক্ত**
- **নীরোগ**

MUSAFIR RAHAD SIR

## ব্যঞ্জন সন্ধি

**✓জ্জ, চ্চ, ল্ল, ন্ন, ন্ম, ট্ট, ড্ড= ৎ (পদ,বিপদ,বদ = দ্ )**

- যাবজ্জীবন = যাবৎ + জীবন
- উচ্চারণ = উৎ + চারণ
- উল্লেখ
- উন্নয়ন
- মৃন্ময়
- বজ্জাত = বদ্ + জাত

MUSAFIR RAHAD SIR

## ব্যঞ্জন

| | | | | |
|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ |
| চ | ছ | জ | ঝ | ঞ |
| ট | ঠ | ড/ড় | ঢ | ণ |
| ত | থ | দ | ধ | ন |
| প | ফ | ব | ভ | ম |

MUSAFIR RAHAD SIR

## ব্যঞ্জন সন্ধি

**✓চ্ছ = ৎ + শ**

- চলচ্ছক্তি = চলৎ + শক্তি
- উচ্ছৃংখল
- উচ্ছ্বাস

**✓ চ্ছ = ছ**

- বিচ্ছেদ = বি + ছেদ
- পরিচ্ছেদ = পরি + ছেদ
- আচ্ছাদন
- বিচ্ছিন্ন

MUSAFIR RAHAD SIR

## ব্যঞ্জন সন্ধি

### ✓দ্ধ = ৎ + হ

- উদ্ধার = উৎ + হার
- উদ্‌ধৃত
- তদ্ধিত
- পদ্ধতি

MUSAFIR RAHAD SIR

## নিপাতনে সিদ্ধ ব্যঞ্জন সন্ধি

- মনীষা – হরিশ্চন্দ্র
- একাদশ – ষোড়শ
- হিংস্র – গোষ্পদ
- বৃহস্পতি – বনস্পতি
- পরস্পর – আস্পদ
- তস্কর – আশ্চর্য
- বিশ্বামিত্র – পতঞ্জলি

MUSAFIR RAHAD SIR

## ব্যঞ্জন সন্ধি

### ➢নাসিক্য বর্ণ / ং = ম্

- সন্তান = সম্ + তান
- সংসার = সম্ + সার
- সম্মান
- সংবাদ
- কিংবা
- বারংবার

MUSAFIR RAHAD SIR

## বিশেষ নিয়মে ব্যঞ্জন সন্ধি

সংস্কৃতি

পরিষ্কার

পরিষ্কৃত

উত্থাপন

সংস্কার

সংস্কৃত

উত্থান

MUSAFIR RAHAD SIR

## ব্যঞ্জন সন্ধি

➢তত্ত্ব – হৃৎপিণ্ড – তৎকালীন

*তদ্‌+ ত্ব– হৃদ্‌+ পিণ্ড– তদ্‌+ কালীন*

➢যজ্ঞ – রাজ্ঞী

*যজ্‌+ ন– রাজ্‌+ নী*

➢বৃষ্টি – ষষ্ঠ – কৃষ্টি

*বৃষ্‌+ তি– ষষ্‌+ থ– কৃষ্‌+ তি*

MUSAFIR RAHAD SIR

## স্বর সন্ধি

- অ/আ + অ/আ = আ
- আ/আ+ ই/ঈ = এ
- অ/আ + উ/ঊ = ও
- অ/আ + ঋ = অর/আর
- অ/আ + এ/ঐ = ঐ
- ই/ঈ + ই/ঈ = ঈ
- উ/ঊ + উ/ঊ = ঊ
- অয় – এ　　আয় – ঐ
- অব – ও　　আব – ঔ

MUSAFIR RAHAD SIR

## স্বর সন্ধি

- য/ য –ফলা = ি/ী + ......

- অত্যুক্তি = অতি + উক্তি
- প্রত্যেক
- সত্য
- প্রত্যূষ
- উপর্যুক্ত

MUSAFIR RAHAD SIR

## স্বর সন্ধি

- ব / ব-ফলা = ু/ূ + ......

- অন্বিত = অনু + ইত
- পশ্বাচার
- বধ্বাগমন

MUSAFIR RAHAD SIR

## নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি ...

- প্রৌঢ় - দশার্ণ - প্রেষণ

স্বৈর - কুলটা - স্বৈরিণী

অন্যান্য

রক্তোষ্ঠ-গবাস্থি-অক্ষৌহণী-শারঙ্গ

গবাক্ষ

মার্তণ্ড

সীমন্ত

শুদ্ধোদন

MUSAFIR RAHAD SIR

# সন্ধি

সন্ধিঃ সন্নিহিত দুইটি ধ্বনির মিলনের নাম সন্ধি। যেমন - আশা + অতীত = আশাতীত। হিম + আলয় = হিমালয়। প্রথমটিতে আ + অ = আ ( া ) এবং দ্বিতীয়টিতে অ + আ = আ ( া ) হয়েছে।

*** সন্ধি শব্দটিও সন্ধির নিয়মে গঠিত যেমনঃ-**

**সম্+ধি=সন্ধি**

সন্ধির উদ্দেশ্য :

১। স্বাভাবিক উচ্চারণে সহজ প্রবণতা।

২। ধ্বনিগত মাধুর্য সম্পাদন।

সন্ধির প্রকারভেদ :-

বাংলা শব্দের সন্ধি দুই রকমের -

১) স্বরসন্ধি ২। ব্যঞ্জনসন্ধি

তৎসম শব্দের সন্ধি তিন প্রকারের -

১) স্বরসন্ধি ২। ব্যঞ্জনসন্ধি ৩। বিসর্গসন্ধি

# স্বরসন্ধির আলোচনা

স্বরধ্বনির সঙ্গে স্বরধ্বনির মিলনকে স্বরসন্ধি বলে।

যথাঃ হিম + অচল= হিমাচল, শুভ + ইচ্ছা=শুভেচ্ছা।

১.

অ/আ + অ/আ = আ

যেমনঃ নর + অধম = নরাধম হিম + আলয় = হিমালয়

যথা + অর্থ = যথার্থ বিদ্যা + আলয় = বিদ্যালয়

২.

অ/আ + ই/ঈ = এ

যেমন- শুভ + ইচ্ছা = শুভেচ্ছা যথা + ইষ্ট = যথেষ্ট

পরম + ঈশ = পরমেশ মহা + ঈশ = মহেশ।

এরূপ- পূর্ণেন্দু, শ্রবণেন্দ্রিয়, স্বেচ্ছা, নরেশ, রমেশ, নরেন্দ্র ইত্যাদি।

৩.

অ/আ + উ/ঊ = ও

যেমন- সূর্য + উদয় = সূর্যোদয় যথা+উচিত= যথোচিত

গৃহ + ঊর্ধ্ব = গৃহোর্ধ্ব গঙ্গা + ঊর্মি = গঙ্গোর্মি

এরূপ- নীলোৎপল, চলোর্মি, মহোৎসব, নবোঢ়া, ফলোদয়, যথোপযুক্ত, হিতোপদেশ, পরোপকার, প্রশ্নোত্তর ইত্যাদি

৪.

অ/আ + ঋ = অর্

যেমন- দেব + ঋষি = দেবর্ষি, মহা + ঋষি = মহর্ষি।

এরূপ - অধমর্ণ, উত্তমর্ণ, সপ্তর্ষি, রাজর্ষি ইত্যাদি।

৫.

অ/আ + ঋত = আর্

যেমন- শীত + ঋত = শীতার্ত, তৃষ্ণা + ঋত = তৃষ্ণার্ত।

এরূপ- ভয়ার্ত, ক্ষুধার্ত ইত্যাদি।

৬.

অ/আ + এ/ঐ = ঐ

যেমন- জন + এক = জনৈক সদা + এব = সদৈব

মত + ঐক্য = মতৈক্য মহা+ ঐশ্বর্য = মহৈশ্বর্য।

এরূপ- হিতৈষী, সর্বৈব, অতুলৈশ্বর্য ইত্যাদি।

৭.

অ/আ + ও/ঔ = ঔ

যেমন- বন + ওষধি = বনৌষধি মহা + ওষধি = মহৌষধি

পরম + ঔষধ = পরমৌষধ মহা + ঔষধ = মহৌষধ।

৮.

ই/ঈ + ই/ঈ = ঈ

যেমন- অতি + ইত = অতীত পরি + ঈক্ষা = পরীক্ষা

সতী + ইন্দ্র = সতীন্দ্র সতী + ঈশ = সতীশ।

এরূপ- গিরীন্দ্র, ক্ষিতীশ, মহীন্দ্র, শ্রীশ, পৃথ্বীশ, অতীব, প্রতীক্ষা, প্রতীত, রবীন্দ্র, দিলীশ্বর ইত্যাদি।

৯.

ই/ঈ + অন্যস্বর = য্-ফলা

যেমন- অতি + অন্ত = অত্যন্ত ইতি +আদি = ইত্যাদি।

অতি +উক্তি = অত্যুক্তি প্রতি + উষ = প্রত্যুষ।

মসী+আধার= মস্যাধার প্রতি + এক = প্রত্যেক।

নদী + অম্বু = নদ্যম্বু অতি + অধিক = অত্যধিক

এরূপ- প্রত্যহ, গত্যন্তর, প্রত্যাশা, প্রত্যাবর্তন, আদ্যন্ত, যদ্যপি, পর্যন্ত, অভ্যুত্থান, অগ্ন্যুৎপাত, অত্যাশ্চর্য, প্রত্যুপকার ইত্যাদি।

১০.

উ/ঊ + উ/ঊ = ঊ

যেমন- মরু + উদ্যান = মরূদ্যান বহু + ঊর্ধ্ব = বহূর্ধ্ব

বধূ + উৎসব = বধূৎসব ভূ + ঊর্ধ্ব = ভূর্ধ্ব।

১১.

উ/ঊ + অন্যস্বর = ব্-ফলা

যেমন- সু + অল্প = স্বল্প সু + আগত = স্বাগত

অনু + ইত = অন্বিত তনু + ঈ = তন্বী।

অনু +এষণ = অন্বেষণ

এরূপ - পশ্বধম, পশ্বাচার, অন্বয়, মন্বন্তর ইত্যাদি।

১২.

ঋ + অন্যস্বর = র্-ফলা

যেমন- পিতৃ + আলয় = পিত্রালয়, পিতৃ + আদেশ = পিত্রাদেশ।

১৩.

এ/ঐ/ও/ঔ + অন্যস্বর আসলে
এ= অয়্, ঐ= আয়্, ও= অব্, ঔ= আব্

যেমন- নে + অন = নয়ন নৈ + অক = নায়ক

শে + অন = শয়ন গৈ + অক = গায়ক

পো + অন = পবন পৌ + অক = পাবক

লো + অন = লবণ গো + আদি = গবাদি।

গো + এষণা =গবেষণা নৌ + ইক = নাবিক

পো + ইত্র = পবিত্র ভৌ + উক = ভাবুক।

১৪. কতগুলো সন্ধি কোনো নিয়ম অনুসারে হয় না, এগুলোকে 'নিপাতনে সিদ্ধ' বলে।

যেমন- কুল + অটা = কুলটা (কুলাটা নয়),

গো + অক্ষ = গবাক্ষ (গবক্ষ নয়),

প্র + ঊঢ় = প্রৌঢ় (প্রোঢ় নয়),

অন্য + অন্য = অন্যান্য,

মার্ত + অ- = মার্তণ্ড,

শুদ্ধ + ওদন = শুদ্ধোদন।

MUSAFIR RAHAD

## ব্যঞ্জনসন্ধির আলোচনা

স্বরে - ব্যঞ্জনে, ব্যঞ্জনে - স্বরে বা ব্যঞ্জনে-ব্যঞ্জনে যে সন্ধি হয় তাকে ব্যঞ্জন সন্ধি বলে। এ দিক থেকে ব্যঞ্জন সন্ধিকে তিন ভাগে ভাগ করা যায়। যথা-

১. ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনি     ২. স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি

৩. ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জন ধ্বনি।

[redacted]

ক্ , চ্ , ট্ , ত্ , প্ - এর পরে স্বরধ্বনি থাকলে সেগুলো যথাক্রমে গ্ , জ্ , ড্ (ড়্), দ্ , ব্ হয়। পরবর্তী স্বরধ্বনিটি পূর্ববর্তী ব্যঞ্জনধ্বনির সঙ্গে যুক্ত হয়।

যেমন- দিক্ + অন্ত = দিগন্ত     ণিচ্+ অন্ত = ণিজন্ত।

ষট্ + আনন = ষড়ানন     তৎ + অবধি = তদবধি।

সুপ্ + অন্ত = সুবন্ত।

এরূপ- বাগীশ, তদন্ত, বাগাড়ম্বর, কৃদন্ত, সদানন্দ, সদুপায়, সদুপদেশ, জগদিন্দ্র ইত্যাদি।

যেমনঃ বাক্ + দান = বাগদান     ষট্ + যন্ত্র = ষড়যন্ত্র।

উৎ+ ঘাটন = উদ্ঘাটন উৎ + বন্ধন = উদ্বন্ধন।

তৎ + রূপ = তদ্রূপ।

এরূপ - দিগ্বিজয়, উদ্যম, উদ্গার, উদ্গিরণ, উদ্ভব, বাগ্জাল, বাগ্দেবী ইত্যাদি।

## ২. স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি

স্বরধ্বনির পর ছ থাকলে উক্ত ব্যঞ্জনধ্বনিটি দ্বিত্ব (চ্ছ) হয়।

যেমন- এক + ছত্র = একচ্ছত্রকথা+ছলে = কথাচ্ছলে।

পরি + ছদ = পরিচ্ছদ।

এরূপ - মুখচ্ছবি, বিচ্ছেদ, পরিচ্ছেদ, বিচ্ছিন্ন, অঙ্গচ্ছেদ, আলোকচ্ছটা, প্রতিচ্ছবি, প্রচ্ছদ, আচ্ছাদন, বৃক্ষাচ্ছায়া, স্বচ্ছন্দে, অনুচ্ছেদ প্রভৃতি।

## ৩. ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জনধ্বনি :

(র) ত্ ও দ্ - এর পর চ্ ও ছ্ থাকলে ত্ ও দ্ স্থানে চ্ হয়।

যেমন- সৎ + চিন্তা = সচ্চিন্তা     উৎ + ছেদ = উচ্ছেদ।

বিপদ + চয় = বিপচ্চয় শরৎ+চন্দ্র= শরচ্চন্দ্র ।

এরূপ - উচ্চারণ, বিপচ্ছায়া, সচ্চরিত্র, তচ্ছবি, সচ্চিদানন্দ প্রভৃতি।

(রর) ত্ ও দ্ - এ পর জ্ ও ঝ্ থাকলে ত্ ও দ্ - এর স্থানে জ্ হয়।

যেমন- সৎ + জন = সজ্জন     বিপদ+জাল = বিপজ্জাল।

কুৎ+ঝটিকা=কুজ্ঝটিক জগৎ + জীবন = জগজ্জীবন

এরূপ - উজ্জ্বল, তজ্জন্য, যাবজ্জীবন ইত্যাদি।

(ররর) ত্ ও দ্ - এর পর শ্ থাকলে ত্ ও দ্ - এর স্থলে চ্ এবং শ্ - এর স্থলে ছ্ উচ্চারিত হয়।

যেমন- উৎ + শ্বাস = উচ্ছ্বাস। এরূপ - চলচ্ছক্তি, উচ্ছৃঙ্খল ইত্যাদি।

(রা) ত্ ও দ্ - এর পর ড্ থাকলে ত্ ও দ্ এর স্থানে ড্ হয়।

যেমন- উৎ + ডীন = উড্ডীন। এরূপ - বৃহড্ঢক্কা।

(া) ত্ ও দ্ - এর পর হ থাকলে ত্ ও দ্ - এর স্থলে দ্ এবং হ্-এর স্থলে ধ্ হয়।

যেমন- উৎ + হার = উদ্ধার,     পদ্ + হতি = পদ্ধতি।

এরূপ- উদ্ধৃত, উদ্ধত, তদ্ধিত ইত্যাদি।

৫. ঙ, ঞ, ণ, ন, ম পরে থাকলে পূর্ববর্তী অঘোষ অল্পপ্রাণ স্পর্শ ধ্বনি সেই বর্গীয় ঘোষ স্পর্শ ধ্বনি কিংবা নাসিক্য ধ্বনি হয়।

যথা- দিক্+ নির্ণয় = দিগ্নির্ণয় বা দিঙ্ নির্ণয়।

তৎ + মধ্যে = তদ্মধ্যে বা তন্মধ্যে।

লক্ষণীয়: এ রূপ ক্ষেত্রে সাধারণত নাসিক্য ব্যঞ্জনই বেশি প্রচলিত।

যেমন - বাক্ + ময় = বাঙ্ময়,     তৎ + ময় = তন্ময়,

মৃৎ +ময় = মৃন্ময়,     জগৎ + নাথ = জগন্নাথ

এরূপ – উন্নয়ন, উন্নীত, চিন্ময় ইত্যাদি।

৩. ম্ এর পর যে কোনো বর্গীয় ধ্বনি থাকলে ম্ ধ্বনিটি সেই বর্গের নাসিক্য ধ্বনি হয়।

যেমন- শম্ + কা = শঙ্কা     সম্ + চয় = সঞ্চয়

সম্ + তাপ = সন্তাপ

এরূপ - কিম্ভূত, সন্দর্শন, কিন্নর, সম্মান, সন্ধান, সন্ন্যাস ইত্যাদি।

৪. ম্ - এর পর অন্তঃস্থ ধ্বনি য, র, ল, ব কিংবা শ, ষ, স, হ থাকলে, ম্ স্থলে অনুস্বার (ং) হয়।

যেমন- সম্ + যম = সংযম     সম্ + বাদ = সংবাদ,

সম্ + রক্ষণ = সংরক্ষণ     সম্ + লাপ = সংলাপ,

সম্ + শয় = সংশয়     সম্ + সার = সংসার,

সম্ + হার = সংহার।

এরূপ - বারংবার, কিংবা, সংবরণ, সংযোগ, সংযোজন, সংশোধন, সর্বংসহা, স্বয়ংবরা। ব্যতিক্রম : সম্রাট (সম্ + রাট)।

৫. চ্ ও জ্ - এর পরে নাসিক্য ধ্বনি তালব্য হয়।

যেমন- যাচ্ + না = যাচ্ঞা,     রাজ্ + নী = রাজ্ঞী,

যজ্ + ন = যজ্ঞ।

৬. দ্ ও ধ্ - এর পরে ক, চ, ট, ত, প, খ, ছ, ঠ, থ, ফ থাকলে দ্ ও ধ্ স্থলে অঘোষ অল্পপ্রাণ ধ্বনি হয়।

যেমন- তদ্ + কাল = তৎকাল,     ক্ষুধ্ + পিপাসা = ক্ষুৎপিপাসা।

এরূপ- হৃৎকম্প, তৎপর, তত্ত্ব ইত্যাদি।

৭. দ্ কিংবা ধ্ - এর পরে স্ থাকলে, দ্ ও ধ্ স্থলে অঘোষ অল্পপ্রাণ ধ্বনি হয়।

যেমন- বিপদ+সংকুল = বিপৎসংকুল,তদ্ + সম = তৎসম।

৮. ষ - এর পরে ত্ বা থ্ থাকলে, যথাক্রমে ত্ ও থ্ স্থানে ট্ ও ঠ্ হয়।

যেমন- কৃষ্ + তি = কৃষ্টি,     ষষ্ + থ = ষষ্ঠ।

৯. বিশেষ নিয়মে সাধিত কতগুলো সন্ধি :

উৎ + স্থান = উত্থান     সম + কার = সংস্কার

উৎ + স্থাপন = উত্থাপনসম্ + কৃত = সংস্কৃত

পরি + কার = পরিষ্কার।

এরূপ = সংস্কৃতি, পরিস্কৃত ইত্যাদি।

১০. কতকগুলো সন্ধি নিপাতনে সিদ্ধ হয় :

আ + চর্য = আশ্চর্য     গো + পদ = গোষ্পদ

বন + পতি = বনস্পতি বৃহৎ + পতি = বৃহস্পতি,

তৎ + কর = তস্কর     পর + পর = পরস্পর,

মনস + ঈষা = মনীষা ষট্ + দশ = ষোড়শ,

এক + দশ = একাদশ পতৎ + অঞ্জলি = পতঞ্জলি

MUSAFIR RAHAD

# বিসর্গ সন্ধির আলোচনা

সংস্কৃত সন্ধির নিয়মে পদের অন্তস্থিত র্ ও স্ অনেক ক্ষেত্রে অঘোষ উষ্ম ধ্বনি অর্থাৎ হ্ ধ্বনিরূপে উচ্চারিত হয় এবং তা বিসর্গ (ঃ) রূপে লেখা হয়।

র্ ও স্ বিসর্গ ব্যঞ্জন ধ্বনিমালার অন্তর্গত। সে কারণে বিসর্গসন্ধি ব্যঞ্জনসন্ধির অন্তর্গত। বস্তুত বিসর্গ র্ এবং স্ - এর সংক্ষিপ্ত রূপ।

বিসর্গকে দু'ভাগে ভাগ করা হয়েছে :

র - জাত বিসর্গ : র্ স্থানে যে বিসর্গ হয় তাকে বলে র - জাত বিসর্গ। যেমন- অন্তর - অন্তঃ, প্রাতর - প্রাতঃ, পুনর - পুনঃ ইত্যাদি।

স্ - জাত বিসর্গ : স্ স্থানে যে বিসর্গ হয় তাকে বলে স্ - জাত বিসর্গ। যেমন- নমস্ - নমঃ, পুরস্ - পুরঃ, শিরস্ - শিরঃ ইত্যাদি।

বিসর্গের সাথে অর্থাৎ র্ ও স্ - এর সাথে স্বরধ্বনির কিংবা ব্যঞ্জনধ্বনির যে সন্ধি হয় তাকে বিসর্গ সন্ধি বলে।

বিসর্গ সন্ধি দু' ভাবে সাধিত হয় :

১. বিসর্গ + স্বর :

অ - ধ্বনির পরস্থিত (অঘোষ উষ্মধ্বনি) বিসর্গের পর অ ধ্বনি থাকলে অ + ঃ + অ - এ তিনে মিলে ও- কার হয়।

যেমন- ততঃ + অধিক = ততোধিক।

২. বিসর্গ + ব্যঞ্জন :

যেমন- তিরঃ + ধান = তিরোধান মনঃ + রম = মনোরম
মনঃ + হর = মনোহর  তপঃ + বন = তপোবন

যেমন - অন্তঃ + গত = অন্তর্গত  অন্তঃ + ধান = অন্তর্ধান
পুনঃ + আয় = পুনরায় পুনঃ + উক্ত = পুনরুক্ত
অহঃ + অহ = অহরহ

এরূপ- পুনর্জন্ম, পুর্নবার, প্রাতরুত্থান, অন্তর্ভুক্ত, পুনরপি, অন্তর্বর্তী ইত্যাদি।

যেমন- নি ঃ + আকার = নিরাকার,  আশীঃ + বাদ = আশীর্বাদ,
দুঃ+ যোগ = দুর্যোগ ইত্যাদি।

এরূপ - নিরাকরণ, জ্যোতির্ময়, প্রাদুর্ভাব, নির্জন, বহির্গত, দুর্লোভ, দুরন্ত ইত্যাদি।

| | |
|---|---|
| ঃ + চ / ছ = শ + চ / ছ | নিঃ + চয় = নিশ্চয়<br>শিরঃ + ছেদ = শিরশ্ছেদ |
| ঃ + ট / ঠ = ষ + ট / ঠ | ধনুঃ + টঙ্কার = ধনুষ্টঙ্কার<br>নিঃ + ঠুর = নিষ্ঠুর |
| ঃ + ত / থ = স + ত / থ | দুঃ + তর = দুস্তর<br>দুঃ + থ = দুস্থ |

যেমন- নম ঃ + কার = নমস্কার  পদ ঃ + খলন = পদস্খলন
নি ঃ + কর = নিষ্কর  দু ঃ + কর = দুষ্কর।

এরূপ- পুরস্কার, মনস্কামনা, তিরস্কার, চতুষ্পদ, নিষ্ফল, নিষ্পাপ,দুষ্প্রাপ্য, বহিষ্কৃত, দুষ্কৃতি, আবিষ্কার, চতুষ্কোণ, বাচস্পতি, ভাস্কর ইত্যাদি।

## *কয়েকটি বিশেষ বিসর্গ সন্ধির উদাহরণ*

বাচঃ + পতি = বাচস্পতি  ভাঃ + কর = ভাস্কর
অহঃ + নিশা = অহর্নিশঅহঃ + অহ= অহরহ ইত্যাদি।

।র. কোনো কোনো ক্ষেত্রে সন্ধির বিসর্গ লোপ হয় না।
যেমন- প্রাতঃ + কাল = প্রাতঃকাল, মনঃ + কষ্ট = মনঃকষ্ট, শিরঃ + পীড়া = শিরঃপীড়া।

# ব্যতিক্রম :

## নিঃ + রব = নীরব, নিঃ + রস = নীরস

।রর. যুক্ত ব্যঞ্জন ধ্বনি স্ত, স্থ কিংবা স্প পরে থাকলে পূর্ববর্তী বিসর্গ অবিকৃত থাকে অথবা লোপ পায়। যেমন-
নিঃ + স্তব্ধ = নিঃস্তব্ধ কিংবা নিস্তব্ধ,  দুঃ + স্থ = দুঃস্থ কিংবা দুস্থ।
নিঃ + স্পন্দ = নিঃস্পন্দ কিংবা নিস্পন্দ।

# প্রশ্ন ও সমাধান

০১. 'হিমাচল' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি
অ. হিমা + আচল  ই. হিম + আচল
ঈ. হিম + আঁচল  উ. হিমা + আঁচল  ঊ. হিম+অচল

০২. নবোঢ়া শব্দটির সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?
অ. নব + উঢ়া  ই. নৌ + ওঢ়া
ঈ. নবো + উঢ়া  উ. নব + ঊঢ়া

০৩. 'পরীক্ষা' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?
অ. পরী + ইক্ষা  ই. পরি + ঈক্ষা
ঈ. পরী + ঈক্ষা  উ. পরি + ইক্ষা

০৪. 'ক্ষুৎপিপাসা' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?
অ. ক্ষুধা + পিপাসা  ই. ক্ষুৎ + পিপাসা
ঈ. ক্ষুধ্ + পিপাসা  উ. ক্ষুত + পিপাসা

০৫. 'নিরাকরণ' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?
অ. নিঃ + আকরণ  ই. নির + আকরণ
ঈ. নিঃ + করণ  উ. নিরা + করণ

০৬. পরস্পর শব্দটি কোন ধরনের সন্ধির উদাহরণ]
অ. ব্যঞ্জনসন্ধি  ই. স্বরসন্ধি
ঈ. নিপাতনে সিদ্ধসন্ধি  উ. কোনটিই নয়

০৭. 'মৃদঙ্গ' শব্দটির সন্ধি-বিচ্ছেদ কোন্টি?
অ. মৃৎ + অঙ্গ  ই. মৃদং + গ
ঈ. মৃদ + অঙ্গ  উ. মৃদঙ + অঙ্গ

০৮. 'বনস্পতি' এর সন্ধি-বিচ্ছেদ-
অ. বনস + পতি  ই. বনষ + পতি
ঈ. বন + পতি  উ. বনঃ + পতি

০৯. 'ষোড়শ'-এর সন্ধি-বিচ্ছেদ কোন্টি?
অ. ষট্ + অশ  ই. ষট্ + দশ
ঈ. ষড্ + অশ  উ. ষড্ + দশ

১০. 'তন্বী' এর সন্ধি-বিচ্ছেদ-
অ. তনু + নী  ই. তনু + ঈ
ঈ. তন + নী  উ. তনু + নব

১১. 'দুরূহ' শব্দের সন্ধি-বিচ্ছেদ–
অ. দুঃ + উহ  ই. দুঃ + রূহ
ঈ. দূর + উহ  উ. দুর + হ

১২. 'মহৈশ্বর্য' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?]
অ. মহা + ঐশ্বর্য  ই. মহ + ঐশ্বর্য
ঈ. মহৈ + ঐশ্বর্য  উ. মহো + ঐশ্বর্য

MUSAFIR RAHAD

১৩. 'দ্যুলোক' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?
অ. দ্বি + লোক ই. দিব্ + লোক
ঈ. দুঃ + লোক উ.দ্বিঃ + লোক

১৪. 'সতীন্দ্র' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি হবে?
অ. সতি+ঈন্দ্র ই. সতী + ইন্দ্র
ঈ. সতী + ঈন্দ্র উ.সতী + ন্দ্র

১৫. 'অন্বিত' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি হবে?
অ. অনু+ইত ই. অনু+নিত
ঈ. অনু+ঈত উ. অনু+বিত

১৬. বৃষ্টি' শব্দটির সন্ধি-বিচ্ছেদ কোনটি?
অ. বৃস+টি ই. বৃশ+টি
ঈ. বৃষ+তি উ. বৃষ+টি

১৭. "অন্বেষণ"– এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
অ. অন্বে + ষণ ই. অনে + ষন
ঈ. অনো + এষণ উ. অনূ + এষন ঊ. অনু+এষণ

১৮. 'গবেষণা' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?
অ. গো + এষণা ই. গব + এষণা
ঈ. গৌ + ব্রষণা উ. গব + এষনা

১৯. 'তৃষ্ণার্ত' শব্দটির সন্ধি-বিচ্ছেদ–
অ. তৃষ্ণা+ঋত ই. তৃষ্ণা+রিত
ঈ. তৃষ্ণা+আত উ. তৃষ্ণা+ঋত

২০. 'প্রেম' শব্দের সন্ধি-বিচ্ছেদ–
অ. পৃ + ইমন ই. প্রিয় + ইমন
ঈ. প্রম + ইমন উ. প্রে + ইমন

২১. 'ধর্মাধর্ম' শব্দটির সন্ধি বিচ্ছেদ হল–
অ. ধর্ম + আধর্ম ই. ধর্মা + ধর্ম
ঈ. ধর্ম + আ + ধর্ম উ. ধর্ম + অধর্ম

২২. 'উচ্ছাস' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
অ. উ + শাস ই. উৎ + শ্বাস
ঈ. উৎ + শাস উ. উৎ + আশ

২৩. "কিংবদন্তী" শব্দের সন্ধিবিচ্ছেদ হল–
অ. কিম + দন্তী ই. কিম্ + বদন্তী
ঈ. কিং + দন্তী উ. কিং + বদন্তী

২৪. নিচের কোনটি নিপাতনে সিদ্ধ হয়ে সন্ধিবদ্ধ হয়েছে?
অ. বিমুগ্ধ ই. তস্কর
ঈ. আদ্যন্ত উ. সংশেস্নষ

২৫. 'পতঞ্জলি' শব্দটির সন্ধিবিচ্ছেদ–
অ. পতঃ+অঞ্জলি ই. পতৎ+অঞ্জলী
ঈ. পত্+অঞ্জলি উ. পতৎ+অঞ্জলি

২৬. সন্ধিঘটিত কোন শব্দটি শুদ্ধ?
অ. বৃহদংশ ই. জাত্যাভিমান
ঈ. আদ্যান্ত উ. শিরোচ্ছেদ

২৭. কোনটিতে সন্ধির নিয়ম লঙ্ঘিত হয়েছে?
অ. শরৎ+চন্দ্র = শরৎচন্দ্র ই. জগৎ+মোহন= জগমোহন
ঈ. চলৎ+শক্তি = চলচ্ছক্তি উ. বাক্+ইশ্বরী= বাগীশ্বরী

২৮. 'অহরহ'– শব্দের সন্ধি-বিচ্ছেদ:
অ. অহ + রহ ই. অহঃ + হ
ঈ. অহঃ + রহ উ.অহঃ +অহ

২৯. 'মনীষা' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
অ. মন+ ইষা ই. মন + ঈষা
ঈ. মনস + ঈষা উ. মনস + ইষা

৩০. 'অহংকার'- এর সন্ধি বিচ্ছেদ হল–
অ. অহ্ম + কার ই. অহঃ + কার
ঈ. অহং + কার উ. অহোং + কার

| উত্তরমালা | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ই | ০২ | উ | ০৩ | ই | ০৪ | ঈ | ০৫ | অ |
| ০৬ | ঈ | ০৭ | অ | ০৮ | উ | ০৯ | ই | ১০ | ই |
| ১১ | অ | ১২ | অ | ১৩ | ই | ১৪ | ঈ | ১৫ | অ |
| ১৬ | ঈ | ১৭ | উ | ১৮ | অ | ১৯ | অ | ২০ | ই |
| ২১ | উ | ২২ | ই | ২৩ | ই | ২৪ | ই | ২৫ | উ |
| ২৬ | অ | ২৭ | অ | ২৮ | উ | ২৯ | ঈ | ৩০ | অ |

## পুরুষ ও স্ত্রী-বাচক শব্দ

- খাঁটি বাংলায় পুরুষ ও স্ত্রী-বাচক শব্দ মূলত – ২ভাগে বিভক্ত।
- পতি ও পত্নীবাচক অর্থে গঠিত পুরুষ ও স্ত্রীবাচক শব্দের দৃষ্টান্ত - মা-বাবা, ভাই-ভবি।
- সাধারণ পুরুষ বা স্ত্রী জাতীয় অর্থে গঠিত পুরুষ ও স্ত্রীবাচক শব্দের দৃষ্টান্ত – বালক-বালিকা, খোকা-খুকি।
- 'ন'-প্রত্যয় যোগে গঠিত স্ত্রী-বাচক শব্দ- ঠাকুর-ঠাকুরণ
- ***'আনী'-প্রত্যয় যোগে গঠিত শব্দ স্ত্রী-বাচকতা না বুঝিয়ে অন্য অর্থ বোঝায় - অরণ্য-অরণ্যানী।***
- খাঁটি বাংলা স্ত্রীবাচক শব্দ গঠন করা হয় - ঈ, নি, নী, আনী, ন পত্যয় যোগ করে।
- ***অবজ্ঞার ভাব প্রকাশ করে: ডাক্তার-ডাক্তারনী, জমিদার-জমিদারনী, মাস্টার-মাস্টারনী।***
- বাংলায় কতগুলো তৎসম স্ত্রী-বাচক শব্দের পরে – স্ত্রীবাচক প্রত্যয় যুক্ত হয়। যেমন, অভাগী-অভাগিনী, ননদ-ননদিনী, গোপী-গোপিনী।
- *বিদেশি স্ত্রীবাচক শব্দ-খান-খানম, মরদ-জেনানা, সুলতান-সুলতানা।*
- *পুরুষ-বাচক শব্দের দু'টো করে স্ত্রীবাচক শব্দের উদাহরণ – দেবর-ননদ ও জা, ভাই-বোন ও ভাবী, শিক্ষক-শিক্ষয়িত্রী ও শিক্ষকপত্নী, বন্ধু-বান্ধবী ও বন্ধুপত্নী, দাদা-দিদি ও বৌদি।*
- ***ক্ষুদ্রার্থে 'ইকা' প্রত্যয় যুক্ত করে স্ত্রীবাচক শব্দ - নাটক-নাটিকা।***
- ***বৃহদার্থে 'আনী' প্রত্যয় যুক্ত করে স্ত্রীবাচক শব্দ - অরণ্য- অরণ্যানী।***
- *নিত্য পুরুষ-বাচক শব্দের উদাহরণ–কবিরাজ, ঢাকী, কৃতদার, রাষ্ট্রপতি।*
- *নিত্য-স্ত্রীবাচক শব্দের উদাহরণ – ডাইনী, পেত্নী, শাঁকচুন্নী, সতীন, এয়ো, দাই, সৎমা, সধবা।*
- *নিত্য স্ত্রীলোক (তৎসম শব্দ) – অর্ধাঙ্গিনী, কুলটা, অন্তঃসত্তা অসূর্যম্পশ্যা, অরক্ষণীয়া, সপত্নী।*

MUSAFIR RAHAD

| বাংলা পুরুষ ও স্ত্রীবাচক শব্দ | |
|---|---|
| বেঙ্গামা- বেঙ্গমী | বাঘ-বাঘিনী |
| কমার- কুমারনী | ঠাকুর-ঠাকরুন/ঠাকুরাইন |
| মজুর-মজুরনী | এঁড়ে বাছুর-বকনা বাছুর |
| ভিখারী-ভিখারিনী | বলদগরু-গাই গরু |
| ঠাকুর-ঠাকুরাণ | নাপিত নাপিতানী |
| মান্দা ঘোড়া- মাদী ঘোড়া | শুক- সারী |
| মান্দা হাঁস- মাদী হাঁস | বেয়াই- বেয়াইন |

| সংস্কৃত পুরুষ ও স্ত্রীবাচক শব্দ | |
|---|---|
| মৃত-মৃতা | নিশাচর-নিশাচরী |
| ভয়ংকর-ভয়ংকরী | নর্তক-নর্তকী |
| প্রথম-প্রথমা | মাতুল-মাতুলানী |
| নবীন-নবীনা | কুহক-কুহকিনী |
| আচার্য-আচার্যানী | শূদ্র-শূদ্রা/শূদ্রানী |
| ক্ষত্রিয়-ক্ষত্রিয়া | মায়াবী-মায়াবিনী |

| বিশেষ নিয়মে সাধিত পুরুষ ও স্ত্রীবাচক শব্দ | |
|---|---|
| সভাপতি-সভানেত্রী | শিক্ষক- শিক্ষয়িত্রী |
| শ্রোতা- শ্রোত্রী | ধাতা-ধাত্রী |
| মহৎ- মহতী | সৎ- সতী |
| রূপবান-রূপবতী | সম্রাট-সম্রাজ্ঞী |
| রাজা-রাজ্ঞী | গরীয়ান-গরিয়সী |

## প্রশ্ন ও সমাধান

**01.** বৃহৎ অর্থে স্ত্রালিঙ্গ কোনটি?
A. অরণ্যানী B. নাটিকা
C. নারানী D. নাপিতানী

**02.** স্ত্রী জাতীয় কাউকে সম্বোধনে ব্যবহৃত হয়-
A. সুজনেসু B. কল্যাণীয়েষু
C. সুজনিয়াষু D. সুজনীয়াস

**03.** 'পত্নী' অর্থে ব্যবহৃত স্ত্রীবাচক শব্দ কোনটি?
A. নেত্রী B. বিদূষী
C. নানী D. কিশোরী।

04 .কোনটি নিত্য পুংলিঙ্গ শব্দ নয়?
A. পুরোহিত B. কৃতদার
C. স্ত্রৈণ D. পাগল

**05.** 'গুরু' শব্দের নারীবাচক শব্দ কোনটি?
A. গুর্বি B. গুর্বী
C. গূর্বি D. গুরুত্ব

**06.** নিত্য স্ত্রীবাচক তৎসম শব্দ কোনটি?
A. জেনানা B. শিক্ষয়িত্রী
C. অরক্ষণীয়া D. হিমানী

**07.** লিঙ্গান্তর হয় না–
A. সাহেব B. বেয়াই
C. জঙ্গি D. কবিরাজ

**08.** 'নাটিকা' কোন অর্থে স্ত্রীবাচক শব্দ?
A. বৃহদার্থে B. ব্যাঙ্গার্থে
C. সাদৃশ্য অর্থে D. ক্ষুদ্রার্থে

**09.** নিত্য স্ত্রীবাচক শব্দের উদাহরণ কোনটি?
A. গোপিনী B. শাকচুন্নী
C. মালিনী D. কাঙালিনী

**10.** কোন শব্দটির পুরুষবাচক রূপ নেই?
A. সতী B. ঠাকুরন
C. ঝি D. ষোড়শী

**11.** ইকা-প্রত্যয় কোন শব্দে ক্ষুদ্রার্থে ব্যবহৃত হয়েছে?
A. সেবিকা B. মালিকা
C. বালিকা D. চালিকা

**12.** কোন শব্দটির স্ত্রীবাচক শব্দ নেই?
A. সিংহ B. কাপুরুষ
C. নর D. সম্রাট

**13.** কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ?
A. হুজুরাইন B. ঠাকুরণ
C. পাগলী D. ডাইনী

**14.** কোনটি নিত্য পুরুষবাচক শব্দ?
A. কবিরাজ B. বামন
C. প্রধানমন্ত্রী D. কাপুরুষ

**15.** 'পুস্তিকা' কী অর্থে ব্যবহৃত হয়?
A. স্ত্রীলিঙ্গ B. উভয়লিঙ্গ
C. ক্ষুদ্রার্থে D. বৃহদার্থে

**16.** নিচের কোনটি নিত্য স্ত্রী-বাচক শব্দ?
A. পেত্নী B. মুরগী
C. মেথর D. ভিখারী

| উত্তরমালা | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | A | 02 | B | 03 | C | 04 | D | 05 | B |
| 06 | C | 07 | D | 08 | D | 09 | B | 10 | C |
| 11 | B | 12 | B | 13 | D | 14 | A | 15 | C |

MUSAFIR RAHAD